**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**21 NOVEMBER 2024** **7:45—7:55 PM IST**

==================================================

১) আসাম বিধানসভার নতুন প্রাঙ্গনে প্রাচীন আসামের পরিকাঠামোয় নতুন আয়োতন সংযোগ করে নির্মান করা আকর্ষণীয় স্তম্ভ, নিয়ন্ত্রণ কক্ষ , ক্যাফেটেরীয়া, ডিজিট্যাল করিডোর ইত্যাদির আনুষ্ঠানিক উদ্বোধন ।

২) কাজিরাঙ্গায় আগামী ২৭ নভেম্বর থেকে দুদিনব্যাপী কার্যসূচির মাধ্যমে দ্বাদশ আর্ন্তজাতিক পর্যটন মেলার আয়োজন ।

৩) কেন্দ্রীয় অনুসন্ধানকারী সংস্থা ( সি বি আই )র আসাম সরকারের অনুরোধে রাজ্যের সম্প্রতি সংঘটিত আর্থিক অনিয়মের ঘটনার তদন্তের দায়িত্বভার গ্রহণ ।

৪) আসাম সরকারের করিমগঞ্জ জেলাকে শ্রীভূমি জেলা হিসেবে নতুন নামকরণ করে বিজ্ঞপ্তি জারী ।

এবং

৫) আসামে আজ বিভিন্ন কার্যসূচির মাধ্যমে বিশ্ব মৎস দিবস পালন । মৎস ক্ষেত্রে অগ্রণী ভূমিকার জন্য আসামের দরং জেলাকে কেন্দ্রীয় সরকারের শ্রেষ্ট জেলার পুরষ্কার ।

---------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আজ আসাম বিধানসভার পরিকাঠামোয় নতুন আয়োতন সংযোগ করে নির্মান করা আদেশ তথা নিয়ন্ত্রণ কক্ষ, আসাম বিধানসভার নতুন ভবণের কেফেটেরীয়া, ডিজিট্যাল করিডোর, স্মার্ট খুটা এবং প্রাচীন আসামের বলীয়া পাথরে নির্মীত একক স্তম্ভের উদ্বোধন করেন ।

এই উপলক্ষে আসাম বিধানসভা প্রাঙ্গনে আয়োজিত এক সভায় ভাষণ প্রদান করে মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা প্রাচীন আসামের কাছারী রাজার ঐতিহাসিক কীর্তিচিহ্নের সাক্ষর বহন করা নিখুতভাবে প্রস্তুত করা উৎকৃষ্ট ভাস্কর্য্য শিল্পের নিদর্শনস্বরূপ মনলিথা অথবা শিলাস্তম্ভ সহ তথ্য-প্রযুক্তি সংক্রান্ত পদক্ষেপের মাধ্যমে আসাম বিধানসভাকে নবরূপ প্রদান করার ক্ষেত্রে আসাম বিধানসভার অধ্যক্ষ বিশ্বজিৎ দৈমারী, উপাধ্যক্ষ নিমাল মোমিন এবং বিধানসভার অন্যান্য আধিকারিক ও কর্মচারিদের ভূয়সি প্রশংসা করেন বলেন যে আসাম বিধানসভা ডিজিট্যাল রূপান্তরের যাত্রায় আজ এক বলিষ্ঠ পদক্ষেপ দিতে সক্ষম হয়েছে । আসামের সাংস্কৃতিক দৃশ্যপটে উপজাতী সম্প্রদায়ের কলা-কৃষ্টি-সংস্কৃতি একটি গুরুত্বপূর্ণ স্থান দখল করে রয়েছে বলে তিনি মন্তব্য করেন । তিনি বলেন যে উপজাতিদের সংস্কৃতি আসামের গৌরবময় ইতিহাসের প্রানবন্ত সাংস্কৃতিক প্রকাশভঙ্গিমার মাধ্যমে দৃশ্যমান রয়েছে । এই সংস্কৃতি প্রাচীন আসামের কাছারী রাজ্যের কীর্তিচিহ্ন সমূহের ধ্বংসাবশেষে উত্তর-পুর্ব ভারতের ইতিহাসে বিশেষ ভূমিকা পালন করে আসছে বলেও তিনি উল্লেখ করেন । শিল্প ও স্থাপত্যের প্রতি কাছারী রাজাদের আগ্রহ এবং প্রচেষ্টা এই কীর্তিচিহ্নগুলি প্রকাশ করে বলে মন্তব্য করে তিনি বলেন যে এই অঞ্চলের অন্যতম পুরনো রাজ্য বলে গণ্য করা কাছারী রাজার শিল্প সমগ্র উত্তর-পূর্ব ভারতে প্রসারিত হয়েছিল এবং বর্তমান নাগাল্যান্ডের ডিমাপুর খ্রীষ্টীয় দশম-ত্রয়োদশ শতাব্দীর সময়কালে কাছারী রাজার রাজধানী ছিল ।

---

কে সঞ্জয় মূর্তি দেশের নতুন কমপ্ট্রোলার এন্ড অডিটি জেনারেল হিসেবে শপথ গ্রহণ করেছেন । রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মূর্মু আজ সকালে রাষ্ট্রপতি ভবণে শ্রী মূর্তিকে কার্যভার গ্রহণ এবং গোপনীয়তার শপথ বাক্য পাঠ করান । ভারতীয় প্রশাসনিক সেবার প্রবীন আধিকারিক শ্রী মূর্তি এর আগে উচ্চ শিক্ষা বিভাগের সচিব হিসেবে কার্যনির্বাহ করেছেন । তিনি শ্রী চন্দ্র মুর্মুর স্থলাভিশিক্ত হয়েছেন ।

---

কাজিরাঙ্গায় আগামী ২৭ নভেম্বর থেকে দুদিনব্যাপী কার্যসূচির মাধ্যমে দ্বাদশ আর্ন্তজাতিক পর্যটন মেলা অনুষ্ঠিত হবে । পর্যটন মেলার সঙ্গে সঙ্গতি রেখে কয়েকটি আলোচনাচক্র এবং বৈঠক অনুষ্ঠিত হবে । অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা ,

অরুনাচল প্রদেশের মুখ্যমন্ত্রী পেমা খান্ডু, কেন্দ্রীয় পর্যটন মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত , কেন্দ্রীয় বন্দর জাহাজ ও জলপথ মন্ত্রী সর্বানন্দ সনোয়াল, কেন্দ্রীয় বৈদেশিক পরিক্রমা ও হস্ততাঁত দপ্তরের প্রতিমন্ত্রী পবিত্র মার্ঘেরিটা সহ কেন্দ্র ও রাজ্য সরকারের অন্যান্য বিশিষ্ট ব্যাক্তি ও আধিকারিকরা অংশ গ্রহণ করবেন । উল্লেখ্য যে আমন্ত্রিত অতিথিরা ২৬ নভেম্বর ডিব্রুগড় বিমানবন্দরে অবতরণ করার পর তাদের বিশ্ব ঐতিহ্য ক্ষেত্রের চরাইদেউ মৈদাম পরিদর্শন করানোর জন্য নিয়ে যাওয়া হবে । কাজিরাঙ্গা র ওয়ানা হ ওয়ার পূর্বে তারা শিবসাগরের ঐতিহাসিক রংঘর পরিদর্শন করবেন ।

পর্যটন মন্ত্রনালয়ের সচিব ভি বিদ্যাবতী ২৭ নভেম্বর কাজিরাঙ্গায় অনুষ্ঠেয় আর্ন্তজাতিক পর্যটন মেলায় স্বাগত ভাষণ দেবেন । এই মেলার সঙ্গে সঙ্গতি রেখে কাজিরাঙ্গার কহরা সভাগৃহে উত্তর-পূর্বাঞ্চলের ৮টি রাজ্যের সরকার নিজ নিজ রাজ্যের পর্যটন ব্যবস্থা সম্পর্কে তথ্য উপস্থাপন করবে ।

---------------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় অনুসন্ধানকারী সংস্থা ( সি বি আই ) আসাম সরকারের অনুরোধে রাজ্যের সম্প্রতি সংঘটিত আর্থিক অনিয়মের ঘটনার তদন্তের দায়িত্বভার গ্রহণ করেছে । সি বি আই গতকাল এ ধরণের একটি ঘটনার মামলার তদন্তের জন্য শিলচরের তনয় দেব নামের অভিযুক্ত একজনের বাসগৃহে তল্লাসী চালিয়ে বেশকিছু আপত্তি জনক নথিপত্র ও সামগ্রী জব্দ করেছে । কেন্দ্রীয় সংস্থা গৌহাটির পল্টনবাজার থানায় গত ৩১ আগষ্ট নথিভুক্ত হওয়া একটি আর্থিক অনিয়ম সংক্রান্ত মামলারও দায়িত্বভার গ্রহণ করেছে । দিপঙ্কর বর্মন নামের এক ব্যাক্তি তার সহযোগী মনালিসা দাসের সঙ্গে তাদের অধীন একটি সংস্থার দ্বারা আর্থিক অনিয়মে লিপ্ত হওয়ার অভিযোগে এই মামলা রুজু করা হয়েছিল । এই সংস্থার বিরূদ্ধে আসাম সহ দেশের বিভিন্ন স্থানের বেশ কয়েকজন বিনিয়োগকারীকে প্রবঞ্চনা করার অভিযোগ ওঠেছিল । সি বি আই গত ১৮ নভেম্বর মনালিসা দাসের বিরূদ্ধে , অভিযোগনামা দাখিল করেছিল এবং বর্তমানে এই মামলার তদন্ত চলছে ।

---------------------------------------------------------------------------------------------

২০২১ সালের ১৩ মে মানকাচারের পুরণদিয়া গ্রামে দুই ব্যাক্তিকে হত্যা করার অভিযোগে দোষী সাব্যস্ত ১৪ জন লোককে আজ হাট শিঙ্গিমারীর জেলা এবং সেশন আদালত যাবজ্জীবন করাদন্ডে দন্ডিত করেছে । বিচারপতি সঞ্জয় হাজরিকা তিন বছর ধরে অব্যাহত বিচার প্রক্রিয়ার শেষে এই ১৪ জন অভিযুক্তকে দোষী সাব্যস্ত করে আজ এই রায় ঘোষণা করেছেন । এই মামলার মূল আইনজিবি বিশ্বজিৎ মহন্তের উদ্ধৃতি দিয়ে আমাদের দক্ষিণ শালামারার সংবাদদাতা জানিয়েছেন যে এই মামলায় মোট ১৬

জন ব্যাক্তিকে অভিযুক্ত করা হয়েছিল তবে মামলা চলার সময় ২ জনের মৃত্যু হয় । ১ জন মহিলা সহ দোষী সাব্যস্ত ১৪ জনকে আমৃত্যু কারাবাসের সাজা ঘোষণা করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------------

আসাম সরকার করিমগঞ্জ জেলাকে শ্রীভূমি জেলা হিসেবে নতুন নামকরণ করে বিজ্ঞপ্তি জারি করেছে । সম্প্রতি আসাম মন্ত্রীসভার বৈঠকে এই বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করার পর রাজ্যপালের অনুমোদন সাপেক্ষে আজ রাজ্য সরকাররের সাধারণ প্রশাসন বিভাগ এই নির্দেশ জারি করেছে ।উল্লেখ্য গত বুধবার অনুষ্ঠিত আসাম মন্ত্রীসভার বৈঠকে করিমগঞ্জের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্যকে ন্যায়সংগত রূপে প্রকাশ করার জন্য করিমগঞ্জ জেলাকে শ্রীভূমি নামে নামকরণ করার বিষয়ে অনুমোদন জানানো হয়েছিল ।

---------------------------------------------------------------------------------------------------

আজ বিশ্ব মৎস দিবস । এবারের এই দিবসের মূল বিষয় হচ্ছে ভারতের নীল রূপান্তর : ক্ষুদ্র তথা বহৎক্ষম মৎস ক্ষেত্রের সাবলীকরণ । এই দিবস উপলক্ষে আজ দিসপুরের লোকনির্মান বিভাগের সম্মিলন কক্ষ তথা প্রশিক্ষণ কেন্দ্রে রাজ্যের মুখ্য সচিব রবি কোটার উপস্থিতিতে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয় । বিশ্ব মৎস দিবস উপলক্ষে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা এক বার্তায় আধুনিক প্রযুক্তির প্রয়োগে মৎসপালনের বিপুল সম্ভাবনার দ্বার উদঘাটন করেছে বলে উল্লেখ করে বলেন যে বায়ফ্লক , জল সেচের মাধ্যমে মৎসপালন, পোনা উৎপাদন তথা আলঙ্কারিক মৎসপালন ইত্যাদি প্রযুক্তি নির্ভর ক্ষেত্রসমূহ রাজ্যের মৎস উদ্যোগের নতুন গতি দিতে সক্ষম হয়েছে । সম্প্রতি মৎস উদ্যোগের বিকাশে ষ্টার্ট-আপের বিশেষ ভূমিকা সম্পর্কে আসামের যুব প্রজন্মের সচেতন হওয়া উচিৎ বলে তিনি মত প্রকাশ করেন ।

---------------------------------------------------------------------------------------------------

আজ বিশ্ব মৎস্য দিবস । এদিকে এই দিবস উপলক্ষে নতুন দিল্লীতে আয়োজিত এক বিশেষ কার্যসূচীতে আসামের দরং জেলাকে মৎস্য ক্ষেত্রে উত্তরপূর্বাঞ্চলের শ্রেষ্ঠ জেলার পুরস্কার প্রদান করা হয় ।

---------------------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদ (সি বি এস ই) দশম এবং দ্বাদশ শ্রেনীর বোর্ড পরীক্ষা আগামী বছর ১৫ ই ফেব্রুয়ারী থেকে আরম্ভ হবে বলে ঘোষণা করেছে ।দশম শ্রেনীর পরীক্ষা ১৮ মার্চ সমাপ্ত হবে এবং দ্বাদশ শ্রেনীর পরীক্ষা চৌঠা এপ্রিল সমাপ্ত হবে বলে সি বি এস ই’র পক্ষ থেকে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------------

উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের অধীন পাঁচটি ডিভিশনের ১৩২ টি স্টেশনে ১৮০ টি 'ওয়ান স্টেশন ওয়ান প্রডাক্ট ' ( ও এস ও পি ) আউটলেট কাজ করে যাচ্ছে । এর মধ্যে লামডিং ডিভিশনে ৪৭ টি , তিনশুকিয়া ডিভিশনে ২৯ টি , রঙিয়া ডিভিশনে ২৮ টি , আলিপুরদুয়ার ডিভিশনে ৪৭ টি এবং কাটিহার ডিভিশনে ২৯ টি ও এস ও পি আউটলেট রয়েছে । এই আউটলেট গুলোতে সংশ্লিষ্ট অঞ্চলের সমৃদ্ধ ঐতিহ্যের ও পরম্পরার প্রদর্শন সহ স্থানীয়ভাবে উৎপাদিত সামগ্রীর বৈচিত্র্য প্রদর্শন ও বিক্রয় করা হচ্ছে ।এর ফলে স্থানীয় কারিগর , ব্যবসায়ীদের জীবনযাত্রায় উল্লেখযোগ্য ইতিবাচক প্রভাব পড়েছে বলে উত্তরপূর্ব সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------

নেহেরু যুবকেন্দ্রের হাইলাকান্দি শাখার পক্ষ থেকে নতুনদিল্লীতে আয়োজিত জাতীয় যুব উৎসব ২০২৫ এ যোগ দেওয়ার জন্য হাইলাকান্দি জেলার যুবকদেরকে অনলাইন ক্যুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণ করার আহ্বান জানানো হয়েছে ।নেহেরু যুবকেন্দ্রের উপসঞ্চালক মেহবুব আলম লস্কর এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে আগামী ২৫ শে নভেম্বর থেকে ৫ ডিসেম্বর পর্যন্ত mybharat.gov.in এ লগ ইন করে ক্যুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণ করা যাবে ।বিশদ বিবরণের জন্য নেহেরু যুব কেন্দ্রের হাইলাকান্দি শাখার ফোন নম্বর ০৩৮৪৪-২২২৮৫৯ এ যোগাযোগ করতে বলা হয়েছে ।উল্লেখ্য জেলা পর্যায়ের বিজয়ীরা রাজ্য পর্যায়ে এবং এরপর রাজ্য পর্যায়ের বিজয়ীরা জাতীয় স্তরে আয়োজিত যুবা উৎসবে অংশগ্রহণ করে প্রধানমন্ত্রীর সঙ্গে মত বিনিময় করার সুযোগ পাবেন ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা প্রশাসনের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে জেলার গবাদি পশুর মালিকদের তাদের গবাদিপশুর ইয়ার ট্যাগিং করানোর জন্য আবেদন জানানো হয়েছে ।ইয়ার ট্যাগিং করানো না হলে গবাদিপশু ক্রয় বিক্রয়ের ক্ষেত্রে অসুবিধার সম্মুখীন হতে হবে বলে প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------